

শিশুদের আচরণ ও ব্যক্তিত্ব বিষয়ক প্রশ্নাবলী/এ.কিউ.

বিশেষ দ্রষ্টব্য : আপনার বা আপনার তত্ত্বাবধানে থাকা শিশুটির বয়স ৪ বছর এবং তার উপরে হলে অনুগ্রহ করে এই প্রশ্নাবলীটি সম্পূর্ণ করুন।

আপনার শিশু অথবা আপনার তত্ত্বাবধানে থাকা ব্যক্তির সম্বন্ধে নিম্নলিখিত প্রশ্নের অনুগ্রহ করে উত্তর দিন। প্রশ্নগুলির সবচেয়ে উপযুক্ত উত্তর দেওয়ার জন্য সঠিক বাক্সে '✓' (টিক) চিহ্ন দিন। যদি আপনার মনে হয় কোন প্রশ্নের উত্তর দিতে আপনি সক্ষম নন, অনুগ্রহ করে আপনার ছেলে, মেয়ে, স্বামী/স্ত্রী কে উত্তরটি জিজ্ঞাসা করুন।

	সম্পূর্ণ সত্যি	কিছুটা সত্যি	কিছুটা মিথ্যে	সম্পূর্ণ মিথ্যে
১। সে নিজে কাজ করার থেকে অন্যের সঙ্গে কাজ করতে বেশী পছন্দ করে।				
২। সে যে কোন কাজ একই রকম ভাবে বার বার করতে পছন্দ করে।				
৩। সে যদি কোন কিছু কল্পনা করার চেষ্টা করে, সেই ছবি সে সহজেই মনে মনে তৈরী করতে পারে।				
৪। সে মাঝে মাঝে কোন জিনিষের এত গভীরে ঢুকে যায় যে অন্যান্য জিনিষ তার দৃষ্টিগোচর হয় না।				
৫। সে প্রায়ই এমন ক্ষীণ শব্দ শুনতে পায় যা অন্যান্যরা খেয়াল করে না।				
৬। সে সাধারণ বাড়ির নম্বর অনুসরণে অন্যান্য ক্রমিক তথ্য লক্ষ্য করে।				
৭। মার্জিত ব্যবহারের নিয়মগুলি তার বুঝতে অসুবিধা হয়।				
৮। তাকে যখন একটি গল্প পড়ে শোনানো হয়, সে সহজেই চরিত্রগুলির রূপ কল্পনা করতে পারে।				
৯। তারিখের প্রতি তার তীব্র আকর্ষণ আছে (ফ্যাসিনেটেড)।				
১০। কোন সামাজিক ক্ষেত্রে/আড্ডায় সে সহজেই বহু লোকের বিভিন্ন কথোপকথনের ধারা বুঝতে পারে।				
১১। সামাজিক পরিস্থিতিতে সে স্বাচ্ছন্দ্য বোধ করে।				
১২। সে অন্যান্যদের তুলনায় যে কোন কিছু অনেক বেশী খুঁটিয়ে দেখে।				
১৩। সে জন্মদিনের পার্টিতে যাওয়ার চেয়ে লাইব্রেরী যেতে চাইবে।				
১৪। সে সহজেই গল্প বলতে পারে।				
১৫। সে জিনিষের চেয়ে লোকেদের বেশী পছন্দ করে।				
১৬। তার এমন কিছু প্রবল আগ্রহ আছে তা অনুসরণ করতে না পারলে সে অস্থির/বিমর্ষ হয়ে পড়ে।				
১৭। সে সামাজিক আলাপ আলোচনায় আনন্দ পায়।				
১৮। সে যখন কথা বলে, তখন অন্য কারোর পক্ষে কোনো কথা বলাই প্রায় অসম্ভব।				
১৯। সংখ্যার প্রতি তার তীব্র আকর্ষণ আছে।				
২০। তাকে যখন একটি গল্প পড়ে শোনানো হয়, তার সেই চরিত্রগুলির চিন্তা ভাবনা/মনের ভাব বা অনুভূতি বুঝতে অসুবিধা হয়।				
২১। কাল্পনিক গল্প সে বিশেষত পছন্দ করে না।				
২২। নতুন বন্ধুত্ব করা তার পক্ষে কঠিন।				
২৩। সে সবসময় জিনিষের ভেতর নক্সা লক্ষ্য করে।				
২৪। সিনেমা দেখতে যাওয়ার চেয়ে সে যাদুঘরে যেতে পছন্দ করবে।				
২৫। রোজকার রুটিনে ব্যাঘাত হলে সে বিমর্ষ/অস্থির হয়ে পড়ে না।				
২৬। সে জানে না, তার সমবয়সীদের সাথে কীভাবে কথোপকথন বজায় রাখতে হয়।				
২৭। কেউ যখন তার সাথে কথা বলে সে সহজেই তার কথার ভেতরকার মানে বুঝতে পারে।				

	সম্পূর্ণ সত্যি	কিছুটা সত্যি	কিছুটা মিথ্যে	সম্পূর্ণ মিথ্যে
২৮। সাধারণতঃ ছবিটির ছোট ছোট অংশগুলি খুঁটিয়ে দেখার চাইতে সে সমগ্র ছবিটি মনোযোগ দিয়ে দেখে।				
২৯। সে খুব একটা ফোন নম্বর মনে রাখতে পারে না।				
৩০। সে সাধারণতঃ কোন পরিস্থিতি বা মানুষের চেহারার মধ্যে সামান্য পরিবর্তন লক্ষ্য করে না।				
৩১। সে বুঝতে পারে, তার কথা শুনতে কারো একঘেয়ে লাগছে কিনা।				
৩২। সে খুব সহজেই বিভিন্ন কাজ অদলবদল করে করতে পারে।				
৩৩। সে যখন ফোনে কথা বলে, সে বুঝতে পারে না, কখন তার কথা বলার পালা আসবে।				
৩৪। সে স্বতঃস্ফূর্ত ভাবে/নিজে থেকে কিছু করতে আনন্দ পায়।				
৩৫। প্রায়শই কোনো রসিকতা সে সকলের শেষে বুঝতে পারে।				
৩৬। সে সহজেই কারো মুখ দেখে তার মনের ভাব বা চিন্তা ভাবনা বুঝতে পারে।				
৩৭। যদি কোন ব্যাঘাত হয়, সে শীঘ্রই আগের কাজে ফিরে যেতে পারে।				
৩৮। সে সামাজিক আলাপ আলোচনা ভালোভাবে করতে পারে।				
৩৯। লোকে তাকে প্রায়শই বলে যে সে একই বিষয়ে কথা বলতেই থাকে।				
৪০। সে যখন নার্সারীতে পড়তো, তখন অন্যান্য শিশুদের সঙ্গে মিছিমিছি খেলা খেলতে আনন্দ পেত।				
৪১। সে এক শ্রেণীর বিভিন্ন রকমের জিনিষের সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পছন্দ করে (বিভিন্ন রকমের রেলগাড়ী, বিভিন্ন রকমের গাড়ী, বিভিন্ন রকমের পাখি, বিভিন্ন রকমের গাছ ইত্যাদি)।				
৪২। নিজেকে অন্য কারো মতো কল্পনা করতে তার অসুবিধা হয়।				
৪৩। যে কাজে সে অংশগ্রহণ করবে, সেটি সে যত্ন সহকারে পরিকল্পনা করে নিতে পছন্দ করে।				
৪৪। তার সামাজিক অনুষ্ঠান ভালো লাগে।				
৪৫। তার অন্যদের মনের ভাব বুঝতে অসুবিধা হয়।				
৪৬। যে কোন নতুন পরিস্থিতি তাকে উদ্ভিগ্ন/অস্থির করে।				
৪৭। সে নতুন লোকদের সাথে দেখা ও আলাপ করতে উপভোগ করে।				
৪৮। অন্যান্যরা যাতে আঘাত না পায় সে বিষয়ে সে যথেষ্ট যত্নশীল।				
৪৯। অন্যান্যদের জন্মদিন সে খুব একটা মনে রাখতে পারে না।				
৫০। সে সহজেই অন্যান্যদের সাথে মিছিমিছি খেলা খেলতে পারে।				